মহারাজপুর ইউনিয়নের নবনির্বাচিত ইউপি সদস্যদের সংবর্ধনা

ঝিনাইদহ সদর উপজেলার ৭ নং মহারাজপুর ইউনিয়নের নবনির্বাচিত সদস্যদের সংবর্ধনা প্রদান করা হয়েছে। বৃহস্পতিবার সকাল ১১ টার সময় ইউনিয়ন পরিষদ হল রুমে এই সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয় ।

৭ নং মহারাজপুর ইউনিয়নের দুই দুইবার নির্বাচিত চেয়ারম্যান খুরশিদ আলম মিয়ার সভাপতিত্বে সংবর্ধনা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ৩ নং ওয়ার্ডের মেম্বার আতিকুর রহমান আতিক, ইউপি সদস্য শামীম ইকবাল, সোহেল রানা, আশরাফ হোসেন, লিটন মোল্লা, জাহিদুল হোসেন, আহাম্মদ আলী, বিল্লাহ হোসেন, আশরাফুল ইসলাম, মহিলা সদস্য নুরুন্নাহার বেগম, শেফালী খাতুন, অনিতা রায়।

নবনির্বাচিত ইউপি সদস্যদের ফুলের শুভেচ্ছা দিয়ে তাদের কে বরণ করে নেন ইউনিয়নের চেয়ারম্যান খোরশেদ আলম মিয়া, সচিব শহীদুল ইসলাম ও ডিজিটাল সেন্টারের পরিচালক অনুপ কুমার। পরিশেষে ৫ বছরের ইউনিয়নের উন্নয়নমূলক কাজ নিয়ে আলোচনা করেন চেয়ারম্যান খোরশেদ আলম মিয়া।

ঝিনাইদহে কারাতের ২২তম বেল্ট পরীক্ষা অনুষ্ঠিত

ঝিনাইদহে সোতোকান কারাতে দো’র ২২তম বেল্ট পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার সকাল ১১টায় ঝিনাইদহ প্রেসক্লাব মিলনায়তনে এই বেল্ট পরীক্ষা অনুষ্ঠিত হয়।

ঝিনাইদহ সোতোকান কারাতে দো’র পরিচালক সাংবাদিক কাজী আলী

আহম্মেদ লিকুর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ সদর উপজেলা নির্বাহী অফিসার এসএম শাহীন।

এছাড়া বিশেষ অতিথি হিসেবে ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হান, বিশিষ্ট ক্রীড়া সংগঠক জয়নাল আবেদীন, ঝিনাইদহ প্রেসক্লাবের যুগ্ম সম্পাদক কে এম সালেহ, তথ্য ও যোগাযোগ বিষয়ক সম্পাদক শাহানুর আলম প্রমূখ উপস্থিত ছিলেন।

এসময় বিচারক হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় কারাতে প্রশিক্ষক ব্লাক বেল্ট (৫ড্যান) মুহাম্মদ জসিম উদ্দীন ও বাংলাদেশ কারাতে অর্গানাইজেশনের এর সাধারণ সম্পাদক ব্লাক বেল্ট (৩ড্যান) মোঃ রফিকুল ইসলাম। বেল্ট পরীক্ষায় উত্তীর্ণ ২০জন প্রশিক্ষনার্থীদের মাঝে সনদপত্র প্রদান করা হয়।

শৈলকুপায় ভোক্তা অধিদপ্তরের অভিযান ২৬ হাজার জরিমানা

ঝিনাইদহের শৈলকুপা উপজেলার শেখপাড়া বাজারে গতকাল বুধবার জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের অভিযানে চার প্রতিষ্ঠানকে ২৬ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

পণ্যের নির্ধারিত মূল্যের অধিক দামে বিক্রি ও বিক্রির সময় রশিদ প্রদান না করার অপরাধে বিসিআইসির সারের ডিলার মেসার্স প্রগতি ট্রেডার্সকে ২০ হাজার টাকা, ওহিদ ট্রেডার্স ৫ হাজার টাকা, আজাদ স্টোর ও ভাই ভাই ট্রেডার্স উভয়কে ৫’শ টাকা করে এক হাজার টাকা জরিমানা করা হয়।

অভিযানের সময় জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঝিনাইদহ জেলা কার্যলয়ের সহকারী পরিচালক মোহাম্মদ জিয়াউল হক, শৈলকুপা উপজেলা স্যানিটারি ইন্সপেক্টর ওয়াহিদুজ্জামান, ঝিনাইদহ জেলা ক্যাবের সভাপতি আমিনুর রহমান টুকুসহ একদল পুলিশ অংশ নেন।

ঝিনাইদহে ৫’শ শিক্ষার্থীরা পেল করোনার টিকা

ঝিনাইদহে ১২ বছর থেকে স্কুল ও কলেজ পর্যায়ের ৫’শ শিক্ষার্থীকে করোনার ১ম ও ২য় ডোজের টিকা দেওয়া হয়েছে।

বুধবার সকাল থেকে বিকাল পর্যন্ত সদর উপজেলার কালিচরণপুর ইউনিয়ন পরিষদ চত্বরে এ টিকা কার্যক্রম চলে। ‘মুজিব বর্ষে স্বাস্থ্য খাত, এগিয়ে যাবে অনেক ধাপ’ এ শ্লোগানে ইউনিয়ন পরিষদ চত্বরে টিকা কার্যক্রমের উদ্বোধন করেন কালীচরণপুর ইউনিয়নের চেয়ারম্যান জাহাঙ্গীর আলম।

সেময় উপস্থিত ছিলেন কালীচরণপুর শৈলজানাথ মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক উত্তম কুমার বিশ্বাস, সিনিয়র শিক্ষক শংকর কুমার মন্ডল, সহকারী স্বাস্থ্য পরিদর্শক নুইমা আক্তার, ইউপি সদস্য সাইদুর রহমান, মিজানুর রহমান মিজু, তৌহিদুর রহমান, লাল চাঁদ, শরিফুল ইসলাম, রেশমা খাতুন, রাজিয়া খাতুন, স্থানীয় আওয়ামী লীগের নেতাকর্মীসহ নানা শ্রেণীপেশার মানুষ উপস্থিত ছিলেন।

পরে ওই এলাকার বিভিন্ন গ্রামের ৫’শ শিক্ষার্থীকে ফাইজারের টিকা দেওয়া হয়। জন্মনিবন্ধন ও শিক্ষা প্রতিষ্ঠান থেকে দেওয়া প্রত্যয়ন দিয়ে শিক্ষার্থীরা ১ম ও ২য় ডোজের টিকা গ্রহণ করেন। হাতের নাগালে ভোগান্তী ছাড়া টিকা পেয়ে সরকারকে ধন্যবাদ জানায় তারা।

ঝিনাইদহে ২ দিন ব্যাপী কারাতে প্রশিক্ষণ ক্যাম্পের উদ্বোধন

‘স্বাস্থ্য আপনার মুল্যবান সম্পদ’ এ শ্লোগানকে সামনে রেখে

ঝিনাইদহে ২ দিন ব্যাপী কারাতে প্রশিক্ষণ ক্যাম্পের উদ্বোধন করা হয়েছে।

সোতোকান কারাতে দো’র আয়োজনে বুধবার সকালে শহরের টেনিস ক্লাব গ্রাউন্ডে এ প্রশিক্ষণ ক্যাম্পের উদ্বোধন করেন জেলা ক্রীড়া অফিসার মাহবুবুর রহমান।

সেসময় স্থানীয় জনপ্রতিনিধিসহ সংগঠনটির প্রশিক্ষক ও কর্মকর্তার উপস্থিত ছিলেন। আয়োজকরা জানান, ২ দিন ব্যাপী এই প্রশিক্ষণে শহরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ৫০ জন শিক্ষার্থীকে আত্মরক্ষার নানা কৌশল শেখাবেন জাতীয় কারাতে প্রশিক্ষক জসিম উদ্দিন, প্রশিক্ষক কাজী আলী আহম্মেদ লিকু।

এ প্রশিক্ষণের মাধ্যমে শিক্ষার্থীরা নিজেদের রক্ষার পাশাপাশি আত্মনির্ভরশীল হয়ে উঠবে বলে আশা তাদের।

হরিনাকুণ্ডুতে প্রাণী সম্পদ প্রদর্শনী অনুষ্ঠিত

ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলা প্রাণী সম্পদ চত্ত্বরে দিনব্যাপী প্রাণী সম্পদ প্রদর্শনী-২০২২ অনুষ্ঠিত হয়েছে।

‘পূষ্টি,মেধা,দারীদ্র বিমচণ’ প্রাণীসম্পদ প্রদর্শনীর আয়োজন’ এই প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে বুধবার সকালে উপজেলা প্রাণী সম্পদ ভেটেরিনারি হাসপাতাল প্রাঙ্গনে আয়োজন করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা ডাঃ উজ্জ্বল কুমার কুন্ডু।

প্রাণী সম্পদ সম্পসারন কর্মকর্তা ডাঃ সুলতানা বেগম এর সঞ্চলনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত, উপজেলা পরিষদের চেয়ারম্যান জাহাঙ্গীর হোসাইন। বিশেষ অতিথি পৌর মেয়র ফারুক হোসেন, জোড়াদহ ইউপি চেয়ারম্যান মোঃ জাহিদুল ইসলাম বাবু (মিয়া), চাঁদপুর কামাল হোসেন, দৌলতপুর আবুল কালাম আজাদ,প্যানেল

মেয়র সিদ্দিকুর রহমান।

এই প্রদর্শনীর লক্ষ্য এবং উদ্দেশ্য হলো, খামারিদের আধুনিক প্রযুক্তির সাথে পরিচয় করিয়ে দেওয়া, সাধারণ মানুষকে নতুন নতুন প্রযুক্তি সম্পর্কে ধারণা দেওয়া। তেমনিভাবে মানুষকে বিভিন্ন ধরনের পশু পাখির সাথে পরিচয় করিয়ে দেওয়া। সেই সাথে গবাদি পশুর উৎপাদন বৃদ্ধি করার মধ্য দিয়ে দেশের অর্থনৈতিক অবকাঠামোর উন্নয়ন করা।

উপজেলা চেয়ারম্যান জাহাঙ্গীর হোসাইন বলেন, বাংলাদেশ একটি কৃষি প্রধান দেশ। গবাদী পশু কৃষকদের প্রধান সম্পদ, তারা এই পশু গুলোকে সন্তানের মতো লালন পালন করেন। সারা দেশের ন্যায় হরিনাকুণ্ডুতে ও প্রাণীসম্পদ প্রদর্শনী চলছে। আমি সরকারের এই উদ্দেশ্যকে সাধুবাদ জানাই।

এসময় উপজেলার বিভিন্ন এলাকার খামারী ৫২টি স্টলে তাদের গবাদি পশু নিয়ে প্রদর্শনীতে অংশগ্রহণ করেন। প্রদর্শনীতে অংশগ্রহণকারী বিভিন্ন ক্যাটাগরিতে শ্রেষ্ট খামারীদের মাঝে পুরষ্কার হিসাবে চেক ও সনদপত্র বিতরণ করা হয়।

হরিনাকুণ্ডুতে সড়ক দুর্ঘটনায় শিশু নিহত

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে সড়ক দূর্ঘটনায় রুহুল আমীন (৯) নামের এক শিশুর মৃত্যু হয়েছে। নিহত রুহুল আমীন ৭ নং রঘুনাথপুর ইউনিয়নের নিত্যানন্দপুর বিন্নী গ্রামের মোঃ বাপ্পি হোসেন এর ছেলে।

স্থানীয় সূত্রে জানা যায় মঙ্গলবার বিকালের দিকে রুহুল আমীন তার বাসার পাশে রাস্তার উপর খেলা করছিলো,এ সময় বিপরীত দিক থেকে আসা একটি দ্রুতগামী মোটরসাইকেল এসে ধাক্কা দেয়।

এতে রুহুল আমীন রাস্তায় উপর ছিটকে পড়ে ঘটনাস্থলেই নিহত হয় ।এসময় আশপাশের লোকজন তাকে হরিনাকুন্ডু উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে

নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাঁকে মৃত ঘোষণা করেন।

উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ জামিনুর রশিদ বলেন শিশুটির মাথায় ও মুখে প্রচুর রক্তক্ষরণ হয়েছে। হাসপাতালে আসার আগেই তার মৃত্যু হয়েছে।

হরিণাকুণ্ডু থানার ইন্সপেক্টর তদন্ত রিয়াজুল ইসলাম ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।

হরিনাকুণ্ডুতে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে প্রস্তুতিমুলক সভা অনুষ্ঠিত

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে প্রস্তুতিমুলক সভা অনুষ্ঠিত হয়েছে।

উপজেলা প্রশাসনের উদ্যেগে গতকাল মঙ্গলবার দুপুরে উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে উপজেলা নির্বাহী কর্মকর্তা সৈয়দা নাফিস সুলতানা সভাপতিত্বে প্রস্তুতিমুলক সভায় প্রধান অতিথি ছিলেন, উপজেলা চেয়ারম্যান জাহাঙ্গীর হোসাইন,সভায় বিশেষ অতিথি ছিলেন সহকারী কমিশনার (ভূমি) সেলিম আহামেদ,পৌর মেয়র ফারুক হোসেন,স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ জামিনুর রশিদ,

প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মোহাম্মদ জামাল হোসাইন,মহিলা বিষয়ক কর্মকর্তা মুন্সী ফিরোজা সুলতানা,যুব উন্নয়ন কর্মকর্তা বেল্লাল হোসেন, ইউপি চেয়ারম্যান জাহিদুল ইসলাম বাবু (মিয়া),মনজুর রাশেদ, কামল হোসেন,শরাফত দৌলা ঝন্টু, অ্যাডভোকেট বজলুল রহমান,বসির উদ্দীন,আবুল কালাম আজাদ সহ বিভিন্ন স্কুল কলেজের প্রধানগণ ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকৃন্দ প্রমূখ।

ঝিনাইদহের শহীদ আলতামতি মৃত্যু’র ২৬ বছরেও পরিবারের পাশে দাঁড়ায়নি কেউ!

১৯৯৬ সালে ১৫ ফেব্রুয়ারী বিএনপি’র একদলীয় নির্বাচনে নিহত আলতামতির বড় ছেলে রিপনের বয়স এখন ৩০ বছর এইচএসসি পাশ করেও পেশায় কৃষক, ছোট ছেলে শিপনের বয়স ২৬ বছর ২মাস লেখাপড়া শিখে এখন ক্ষুদ্র ব্যবসায়ী। ছোট বেলায় মাকে হারিয়ে পায়নি মায়ের স্নেহ ভালোবাসা। মানুষ হয়েছে কখনো দাদির কাছে কখনো বা নানির কাছে এভাবে অযত্ন অবহেলায় বেড়ে উঠেছে তারা।

ঘটনাটি ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলার ভাতুড়িয়া গ্রামে। আলতামতি একই গ্রামের মৃত আব্দুর রহমান বিশ্বাসের মেয়ে। ১৯৯৬ সালের ১৫ ফেব্রুয়ারী বিএনপির একদলীয় জাতীয় সংসদ নির্বাচনে আওয়ামী লীগসহ অন্যান্য রাজনৈতিক দল প্রতিরোধের ঘোষণা দেয়। নির্বাচন ঠেকাতে গিয়ে সারাদেশের ১২জন নিহত হয়।

হরিনাকুন্ডু উপজেলার ভাতুড়িয়া ভোট কেন্দ্রে পুলিশের গুলিতে নিহত হয় আলতামতি। রেখে যায় তার নাবালক দুই শিশু সস্তান। বড় ছেলে রিপনের বয়স ৪ বছর এবং ছোট ছেলে শিপনের বয়স তখন ২মাস। অনেক কষ্টে শিষ্টে মানুষ হয়েছে তারা। একই বছর ১২ই জুন আওয়ামী লীগ ক্ষমতায় আসার পর তৎকালীন প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা তাদের নানার জিম্মায় ১লক্ষ টাকা পারিবারিক অনুদান দেন। সেই টাকা রিপন শিপনের বাবা আব্দুল খালেক বিভিন্ন সময় নিয়ে খরচ করেছে। পরবতির্তে সে দ্বিতীয় বিয়ে করার পর সন্তানদের আর সেভাবে খোজ নেইনি।

প্রথম দুই চার বছর পারিবারিক এবং উপজেলা আওয়ামী লীগের সহযোগীতায় আলতামতির মৃত্যু বার্ষিকী পালন করা হলেও এখন আর সেসব হয়না।

এমনকি আওয়ামী লীগ বার বার ক্ষমতায় আসার পরেও আর কোনদিন কোন নেতা খোঁজ নেই নি সেই এতিমদের। তাদের কপালে একটা পিয়নের চাকুরী পর্যন্তও জোটেনি। দেশে মুক্তিযোদ্ধাসহ বিভিন্ন কোটায় হাজার হাজার মানুষের চাকুরী হচ্ছে, পরিবার পাচ্ছে নানান সুযোগ সুবিধা।

রাষ্ট্রীয় সংঘাতে মা হারানো এই এতিমদের কি সরকারী কোন সুযোগ সুবিধা পাওয়ার অধিকার নেই?

এমন প্রশ্ন এখন দেখা দিয়েছে তাদের স্বজনদের মাঝে। উল্লেখ্য যে এই কলঙ্ক জনক নির্বাচনকে কেন্দ্রকরে সারা দেশে ১২জন নিহত হয়েছিল। যেহেতু আওয়ামী লীগের সরকার এখন ক্ষমতায় আছে সেহেতু এসব শহীদের স্বজনদের দাবি সেদিনে নিহত এই ১২জন কে শহীদ হিসেবে রাষ্ট্রীয় ভাবে স্বীকৃতিদানসহ তাদের সন্তান ও স্বজনদের সরকারি কোটায় সামর্থ অনুযায়ী চাকুরী অথবা অন্যান্য সুযোগ সুবিধা প্রদান করা হোক।

ঝিনাইদহে নানা আয়োজনের মধ্যে বিশ্ব ভালোবাসা দিবস পালিত

আজ বিশ্ব ভালোবাসা দিবস দসেন্ট ভ্যালেন্টাইনস ডে। তবে তরুণ-তরুণী শুধু নয়, নানা বয়সের মানুষের ভালোবাসার বহুমাত্রিক রূপ প্রকাশের আনুষ্ঠানিক দিন আজ।

এ ভালোবাসা যেমন মা-বাবার প্রতি সন্তানের, তেমনি মানুষে-মানুষে ভালোবাসাবাসির দিনও এটি। কিন্তু শুধু একটি দিন ভালোবাসার জন্য কেন? এ প্রশ্নে কবি নির্মলেন্দ গুণের ছোট জবাব, ভালোবাসা একটি বিশেষ ৭ দিনের জন্য নয়।

সারাবছর, সারাদিন ভালোবাসার। তবে আজকের এ দিনটি ভালোবাসা দিবস হিসেবে বেছে নিয়েছে মানুষ। তারুণ্যের অনাবিল আনন্দ আর বিশুদ্ধ উচ্ছ্বাসে সারা দেশের মতো আমাদের জেলার তরুণ-তরুণীদের মাঝেও ভালোবাসা দিবস পালিত হচ্ছে।

ভালোবাসার উৎসবে মুখর আজ ঝিনাইদহ শহর। শহরের প্রাণকেন্দ্রে ছোট ছোট ইন্সটল করে ফুল বিক্রয় চলছে সারা দিন। দেবদারু এভিনিউতে চলছে ভ্যালেন্টাইন্স ডে উপলক্ষে কনসার্ট, শহরের মধ্যে তরুন-তরুনীর ঘুরাঘুরি, এ উৎসবের ছোঁয়া লাগবে গ্রাম-বাংলার জনজীবনেও।

মু

ঠোফোনের মেসেজ, ই-মেইল অথবা অনলাইনের চ্যাটিংয়ে পুঞ্জ পুঞ্জ প্রেমকথার কিশলয় হয়ে উঠবে পল্লবিত। অনেকের মতে, ফেব্রুয়ারির এ সময়ে পাখিরা তাদের জুটি খুঁজে বাসা বাঁধে। নিরাভরণ বৃক্ষে কচি কিশলয় জেগে ওঠে। তীব্র সৌরভ ছড়িয়ে ফুল সৌন্দর্যবিভায়। পরিপূর্ণভাবে বিকশিত হয়।

এ দিনে চকোলেট, পারফিউম, গ্রিটিংস কার্ড, ই-মেইল, মুঠোফোনের এসএমএস-এমএমএসে প্রেমবার্তা, হীরার আংটি, প্রিয় পোশাক, জড়াজড়ি করা খেলনা মার্জার অথবা বই ইত্যাদি শৌখিন উপঢৌকন প্রিয়জনকে উপহার দেয়া হয়। নীল খামে হালকা লিপস্টিকের দাগ, একটা গোলাপ ফুল, চকোলেট, ক্যান্ডি, ছোট্ট চিরকুট আর তাতে দুছত্র গদ্য অথবা পদ্য হয়ে উঠতে পারে উপহারের অনুষঙ্গ।

অন্যদিকে আজকের এ ভালোবাসা শুধুই প্রেমিক আর প্রেমিকার জন্য নয়। মা-বাবা, স্বামী-স্ত্রী, ভাইবোন, প্রিয় সন্তান এমনকি বন্ধুর জন্যও ভালোবাসার জয়গানে আপ্লুত হতে পারে সবাই। চলবে উপহার দেয়া- নেয়া। এইভাবে নিজের ভালোবাসাকে প্রিয় মানুষের মধ্যে ভাগ করে নেওয়া।